

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর
নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. ফাহিমদা আফরোজ, ইউএলও, লালমাই, কুমিল্লা
সভার তারিখ : ১৫/১১/২০২৩ খ্রি।
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১০.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের অবহিতকরণ সভা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

- ১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।
- ২। কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ এপিএ চুক্তি অনুযায়ী আয়োজন করতে হবে।
- ৩। দপ্তরের ওয়েবসাইটের সেবাবন্ধ নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।
- ৪। উত্তম চর্চার তালিকা প্রণয়ন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।
- ৫। সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথির শ্রেণিবিন্যাস করতে হবে।
- ৬। নির্ধারিত সময়ে সকল ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহিমদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২.৪০০

তারিখঃ ১৫/১১/২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ভেটেরিনারি হাসপাতাল, লালমাই, কুমিল্লা এর
সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ২য় মতবিনিময় সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. ফাহিমদা আফরোজ, ইউএলও, লালমাই, কুমিল্লা
সভার তারিখ : ১৫/১১/২০২৩ খ্রি।
সভার স্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে অংশগ্রহণকৃত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভায় উপস্থিত বিভিন্ন সদস্য, অংশীজন সভায় নিম্নোক্ত আলোচনা ও মতামত পেশ করেন।

সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-

- ১। দপ্তরের ওয়েবসাইটের সেবাবক্স নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।
- ২। সুশাসন প্রতিষ্ঠায় দপ্তরের সকল স্তরের জনবল কে দক্ষতা উন্নয়নের উপর প্রশিক্ষণ প্রদান করতে হবে।
- ৩। দপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীকে একত্রিত হয়ে একটি টিম হিসেবে কাজ করে সফলতা অর্জন করতে হবে।
- ৪। দায়িত্বশীলতার সাথে দপ্তরের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীকে স্বচ্ছতা- জবাবদিহিতা নিয়ে প্রয়োজনীয় কাজ সম্পন্ন করতে হবে।
- ৫। তথ্য অধিকার আইন-২০০৯ অনুসারে তথ্য প্রদান নিশ্চিতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬। দপ্তরের দুর্নীতি বিরোধী কার্যক্রম ও উদ্ভাবন চর্চা অব্যাহত রাখতে হবে।

সভায় গঠনমূলক আলোচনা করার জন্য সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহিমদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং: ৩৩.০১.১৯১২.০০০.০৬.০০৬.২২.৪০১

তারিখঃ ১৫/১১/২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
লালমাই, কুমিল্লা।

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি : ডা. ফাহিমদা আফরোজ, ইউএলও, লালমাই, কুমিল্লা।
সভার তারিখ : ১৫/১১/২০২৩ খ্রি।
সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।
সময় : বেলা ১২:০০ ঘটিকায়।

সভার উপস্থিতি পরিশিষ্ট- “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা গুরুত্ব সকলের নিকট বর্ণিত করেন। এরপর সেবাগ্রহীতা/অংশীজনদের কাছ থেকে এ বিষয়ে মতামত আহ্বান করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

১. অভিযোগ ও পরামর্শ বক্সে প্রাপ্ত অভিযোগ ও পরামর্শ সমূহ স্বল্প-সময়ে মধ্যে নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।
২. নাগরিক সেবা সহজ করার জন্য ডিজিটাল উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও প্রচার পরিচালনা করতে হবে।
৩. অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে পরবর্তী সভা যথা সময়ে আয়োজন করার হবে।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডা. ফাহিমদা আফরোজ
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
লালমাই, কুমিল্লা।

স্মারক নং-৩৩.০১.১৯১২.০০০.০১.০১৫.২২.৪০২

তারিখঃ ১৫/১১/২০২৩ খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।